

জামান সৈয়দী

জীবনকে সহজ সুন্দর ও মহৎ করার পন্থা সাংস্কৃতি। সুস্থ ও দেশজ সাংস্কৃতি চর্চায় মাধ্যমে শিশুর মেধা ও প্রতিভা বিকাশ করতে হবে।

সোনালী আসরের বন্ধুরা এ কথাগুলো কে বলেছেন বলতে পারেন? হ্যাঁ বদাছি শেখ। আমাদের প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া গত ১৯ জানুয়ারী শিশুদের এক অনুষ্ঠানে একথাওলো বলেন। অনুষ্ঠানটি ছিল রামপুরা টিভি ভবনে জাতীয় টেলিভিশন শিশুশিল্পী পুরস্কার নতুন কুঁড়ি-২০০২ বিতরণী অনুষ্ঠান। ২০০২ সালে নতুন কুঁড়ি সাংস্কৃতিক প্রতিযোগিতায় ৩৫ কাটাগরিতে দু'টি কিশোর অংশগ্রহণ করে। তাদের মধ্য থেকে ১০৭ জনকে পুরস্কারের জন্য নির্বাচিত করা হয়। 'ক' গ্রুপ থেকে গোন্ডকাপ লাভ করে মালিহা বিনতে আতিক। 'খ' গ্রুপ থেকে গোন্ডকাপ লাভ করে মেহরাজ হক তুষার।

অনুষ্ঠানে প্রধানমন্ত্রী আস্রো বলেন, শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান আধুনিক সুখী সমৃদ্ধ বাংলাদেশের যে স্বপ্ন দেখতেন, তা বাস্তবায়নের জন্য শিশু প্রতিভা বিকাশের বিশেষ গুরুত্ব দিয়েছিলেন। তিনি বাংলাদেশের আনাচে-কানাচে ছড়িয়ে থাকা শিশুদের প্রতিভা বিকাশের জন্য ১৯৭৭ সালে নতুন কুঁড়ি শুরু করেন। নতুন কুঁড়ি আজ শিশু প্রতিভা অনুসন্ধানের প্রধান মাধ্যম হিসেবে আত্ম প্রকাশ করেছে। আজকের প্রতিভা দীপ্ত শিশুরাই আগামীতে বাংলাদেশকে সোনালী সম্ভবনায় ভরিয়ে দেবে।

**জাতীয় টেলিভিশন শিশু শিল্পী পুরস্কার
নতুন কুঁড়ি-২০০২ বিতরণী অনুষ্ঠান**

